



## মোটরসাইকেল রেজিস্ট্রেশন সংক্রান্ত বিআরটিএ'র বিশেষ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশের স্বল্পোন্নত দেশের স্ট্যাটাস হতে উত্তরণ উদযাপন উপলক্ষ্যে আগামী ২১ মার্চ, ২০১৮ তারিখ “বিশেষ সেবা দিবস” পালন করা হবে। উক্ত দিবস উপলক্ষ্যে দাপ্তরিক সেবা মানুষের জন্য সহজলভ্য করার অভিপ্রায় নিয়ে বিআরটিএ'র পক্ষ থেকে ঢাকা মহানগরীর মানিক মিয়া এভিনিউস্থ রাজধানী উচ্চ বিদ্যালয়ে ঐদিন সকাল ১০ টা হতে বিকেল ৩টা পর্যন্ত বিআরটিএ'র ঢাকা মেট্রো-১ সার্কেল, মিরপুর কর্তৃক স্পটে মোটরসাইকেল রেজিস্ট্রেশন প্রদান করা হবে। আগ্রহী সেবাগ্রহীতাগণকে মোটরসাইকেল রেজিস্ট্রেশনের প্রয়োজনীয় কাগজপত্র ও মোটরসাইকেলসহ নির্ধারিত সময়ের মধ্যে হাজির হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। নির্ধারিত ব্যাংকের নিকটস্থ শাখা ও বুথে (ব্যাংকের শাখার নাম ও ঠিকানা বিআরটিএ'র ওয়েবসাইট [www.brta.gov.bd](http://www.brta.gov.bd) এ পাওয়া যাবে। এছাড়া রেজিস্ট্রেশন ফিসহ সকল প্রকার কর ও ফি এর তালিকাও ওয়েবসাইটে পাওয়া যাবে) রেজিস্ট্রেশনের প্রয়োজ্য ফি জমা দিতে হবে। এছাড়া মানিক মিয়া এভিনিউতে স্থাপিত ব্যাংকের বিশেষ বুথেও প্রয়োজ্য ফি জমা দেয়া যাবে।

### মোটরসাইকেল রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রঃ-

- ১। মালিক ও আমদানিকারক/ডিলার কর্তৃক যথাযথভাবে পূরণ ও স্বাক্ষর করা নির্ধারিত আবেদনপত্র (এইচ ফরম)। প্রতিষ্ঠান/কোম্পানির মালিকানার ক্ষেত্রে অথরাইজড কর্মকর্তার স্বাক্ষর ও সিলমোহর ব্যাংক অথবা অর্থলগ্নি প্রতিষ্ঠানের সাথে গাড়ির মালিকানার আর্থিক সংশ্লিষ্টতা থাকলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্যাডে রেজিস্ট্রেশন কর্তৃপক্ষ বরাবর আবেদন।
- ২। মালিকের ০৩ (তিন) কপি সদ্য তোলা স্ট্যাম্প সাইজের রঞ্জিন ছবি (কেবল ব্যক্তিগত মালিকানার ক্ষেত্রে);
- ৩। বিল অব এন্ট্রি, ইনভয়েস, বিল অব লেডিং ও এলসিএ কপি (ফটোকপি আমদানিকারক অথবা শো-রুম মালিক কর্তৃক সত্যায়িত);
- ৪। সেল সার্টিফিকেট/সেল ইন্টিমেশন/বিক্রয় প্রমাণপত্র (আমদানিকারক/বিক্রেতা প্রদত্ত);
- ৫। প্যাকিং লিষ্ট, ডেলিভারী চালান ও গেইট পাশ (সিকেডি গাড়ির ক্ষেত্রে);
- ৬। (ক) মুসক-১ (প্রয়োজ্য ক্ষেত্রে), (খ) মুসক-১১ (ক)/ভ্যাট (প্রয়োজ্য ক্ষেত্রে), (গ) ভ্যাট পরিশোধের চালানসহ (প্রয়োজ্য ক্ষেত্রে);
- ৭। সিকেডি মোটরযানের ক্ষেত্রে বিআরটিএ'র টাইপ অনুমোদন ও অনুমোদিত সংযোজনী তালিকা;
- ৮। রেজিস্ট্রেশন ফি জমাদানের রশিদ;
- ৯। ব্যক্তি মালিকানাধীন আবেদনকারীর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট এবং টেলিফোন বিল/বিদ্যুৎ বিল ইত্যাদির যে কোন একটির সত্যায়িত ফটোকপি এবং মালিক প্রতিষ্ঠান হলে প্রতিষ্ঠানের প্যাডে চিঠি।
- ১০। ১২৫ ও তদূর্ধ্ব সিসি ক্ষমতাসম্পন্ন মোটরসাইকেল রেজিস্ট্রেশনের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা (অঙ্গীকারনামার নমুনা ওয়েবসাইটে ও স্পটে পাওয়া যাবে)।

১৫/৩  
শীতাংশ শেখর বিশ্বাস  
পরিচালক (অপারেশন)  
ফোনঃ ৯১১৩৭১৩